

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।  
(নেজারত শাখা)  
www.sylhet.gov.bd

আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়, প্রশাসন-৩ অধিশাখার ১৩ জুন ২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১১২.১৫.০২১.১৩-২৩৪ নং স্মারকমূলে প্রদত্ত পদ সৃজনের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এ নিম্ন বর্ণিত পদে সাকুল্য বেতনে আউটসোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের লক্ষ্যে স্বীকৃত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক	প্রতিষ্ঠান	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা	অন্যান্য
০১	জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।	ইলেকট্রিশিয়ান	০১ (এক)	১৮-৬০	স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট কোর্সে সনদ প্রাপ্তিসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাস হতে হবে।	শারীরিকভাবে সুস্থ হতে হবে।
০২		প্লাম্বার	০১ (এক)			

শর্তাবলী:

১. আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে:

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মাসিক সাকুল্য বেতন (গ্রেড ভিত্তিক)	সর্বমোট
----------	------------------	----------	------------------------------------	---------

- নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির সাথে চুক্তি হবে না বা কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
- নিয়োজিত কর্মচারীগণ বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আউটসোর্সিং এর মাধ্যমে সেবাগ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণ যোগ্য হবে।
- জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্য বেতন নির্ধারিত হবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ২০১৬-১৭ অর্থবছরের আয়কর প্রদান ও সনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে এবং সরকারি প্রকল্পে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- নিয়োজিত কর্মচারীগণকে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারি অফিস সময়ের পরেও দায়িত্ব পালন করতে হবে। তবে এ জন্য অতিরিক্ত মূল্য/অর্থ দাবী করা যাবে না।
- আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর দক্ষতা বা অবহেলার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়িত্ব বহন করতে হবে।
- নির্বাচিত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল থেকে নিয়মানুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সংগে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ০১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।
- নিয়োজিত কর্মচারীগণের শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।
- নির্বাচিত আউটসোর্সিং প্রতিষ্ঠানের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদনের পরেই নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকার পে অর্ডার জামানত হিসেবে জমা দিবেন যা ফেরতযোগ্য।
- আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে নির্ধারিত ছক অনুসরণপূর্বক আগামী ০৪/০৮/২০১৬ তারিখ দুপুর ১২.০০টার মধ্যে সিলমোহরকৃত খামে প্রতিটি পদের ০১ (এক) মাসের দর উল্লেখ করে সত্যায়িত ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধের সনদ ও অভিজ্ঞতার সনদ ইত্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (নেজারত শাখা) রক্ষিত দরপত্র বক্সে দাখিল

করতে অনুরোধ করা হলো। একই তারিখ বেলা ১.০০ টার সময় দরপত্রসমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

১৫. যে কোন বা সকল দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নহে।
১৬. নিয়োজিত কর্মচারীগণের প্রতিস্থাপন প্রয়োজন হলে সরবরাহকারী প্রতিষ্ঠান প্রতিস্থাপন করতে বাধ্য থাকবে। তবে কোন জনবল কাজ করে দক্ষতা অর্জন করলে তাকে প্রতিস্থাপনের ক্ষেত্রে অফিসের সম্মতি নিতে হবে।
১৭. কর্তৃপক্ষ শূন্যপদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
১৮. সরবরাহকৃত জনবলের নির্ধারিত তারিখে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে তার জন্য কোন টিএ ডিএ দেওয়া হবে না।



(মোঃ জয়নাল আবেদীন)  
জেলা প্রশাসক  
সিলেট।

☎ ০৮২১-৭১৪১২০ (অফিস)

Email: [dcsylhet@gmail.com](mailto:dcsylhet@gmail.com)

নং-০৫.৬০.৯১০০.০০৭.৩২.০১৮.১৬.৪৩৩(২৪)

তারিখ : ০৯ শ্রাবণ ১৪২৩  
১৬ জুলাই ২০১৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে।

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। পুলিশ সুপার, সিলেট।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
- ০৪। সিভিল সার্জন, সিলেট।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার .....(সকল), সিলেট।
- ০৬। উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট।
- ০৭। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ।
- ০৮। সম্পাদক, দৈনিক .....। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে আগামী ..... তারিখের মধ্যে কেবলমাত্র ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো।
- ০৯। নোটিশ বোর্ড।



(মোঃ জয়নাল আবেদীন)  
জেলা প্রশাসক  
সিলেট।

☎ ০৮২১-৭১৪১২০ (অফিস)

Email: [dcsylhet@gmail.com](mailto:dcsylhet@gmail.com)